রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৩০, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ/২৮ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৪৮২-আইন/২০২৫/কাস্টমস।**—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ২৪৩ এর উপ-ধারা (২) এবং দ্বিতীয় তফসিলের ক্রমিক নম্বর (২১) ও (২৫) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা শিপিং এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"আইন"** অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন);

(খ) **"কনসাইনর"** অর্থ ট্রান্সপোর্ট ডকুমেন্ট বা পরিবহন চুক্তিপত্রে কনসাইনর হিসাবে উল্লিখিত রপ্তানিকারক বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(গ) **"কনসাইনি"** অর্থ ট্রান্সপোর্ট ডকুমেন্ট বা পরিবহন চুক্তিপত্রে কনসাইনি হিসাবে উল্লিখিত আমদানিকারক বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;



মূল্য : টাকা ২৪.০০

(ঘ) **"কাস্টমস স্টেশন"** অর্থ আইনের ধারা ২ এর দফা (২৩) এ সংজ্ঞায়িত কাস্টমস স্টেশন;

(ঙ) **"কোম্পানী"** অর্থ কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর ধারা ২ এর দফা (ঘ) এ সংজ্ঞায়িত কোম্পানী;

(চ) **"ক্যারিয়ার"** অর্থ আকাশ, নৌ, সড়ক বা রেলপথে পণ্য গন্তব্যে পরিবহনের দায়িত্ব গ্রহণকারী কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(ছ) **"ট্রান্সপোর্ট ডকুমেন্ট"** অর্থ পণ্যচালান পরিবহনের ক্ষেত্রে ক্যারিয়ার, ফ্রেইট ফরওয়ার্ডার বা মাল্টিমোডাল ট্রান্সপোর্ট অপারেটর কর্তৃক ইস্যুকৃত নেগোশিয়েবল বা নন-নেগোশিয়েবল মাল্টিমোডাল ট্রান্সপোর্ট ডকুমেন্ট, বিল অব লেডিং, এয়ারওয়ে বিল, রেলওয়ে রশিদ, ট্রাক রশিদ, ফরওয়ার্ডার্স কার্গো রসিদ বা সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক স্বীকৃত অন্য কোনো পরিবহন দলিল;

(জ) **"ফরম"** অর্থ এই বিধিমালার কোনো ফরম;

(ঝ) **"ফার্ম"** অর্থ Partnership Act, 1932 (Act No. IX of 1932) এর section 4 এ সংজ্ঞায়িত ফার্ম;

(ঞ) **"ফ্রেইট ফরওয়ার্ডার"** অর্থ অন্যের দ্বারা মোড়কজাতকৃত বা মোড়কজাতকরণ ব্যতীত, পণের বিনিময়ে কোনো পণ্য আমদানি বা রপ্তানির উদ্দেশ্যে, গন্তব্যস্থলে পণ্য ডেলিভারি প্রদানের জন্য বাণিজ্যিক ভিত্তিতে পরিবহন সংক্রান্ত কার্যে নিয়োজিত ফরওয়ার্ডার, মাল্টিমোডাল ট্রান্সপোর্ট অপারেটর বা ডেলিভারি এজেন্ট বা পরিবহন কার্য সম্পাদনকারী প্রতিষ্ঠান বা সংস্থা;

(ট) **"বন্দর কর্তৃপক্ষ"** অর্থ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ আইন, ২০২২ (২০২২ সনের ৮ নং আইন) এর অধীন গঠিত চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন, ২০২২ (২০২২ সনের ৭ নং আইন) এর অধীন গঠিত মোংলা বন্দর কর্তৃপক্ষ, পায়রা বন্দর কর্তৃপক্ষ আইন, ২০১৩ (২০১৩ সনের ৫৩ নং আইন) এর অধীন গঠিত পায়রা বন্দর কর্তৃপক্ষ, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ (২০১৭ সনের ৩ নং আইন) এর অধীন গঠিত বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ আইন, ২০০১ (২০০১ সনের ২০ নং আইন) এর অধীন গঠিত বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ এবং Inland Shipping Ordinance, 1976 (Ord. No. LXXII of 1976) এর অধীন নৌ পরিবহনে নিয়োজিত এবং বৈদেশিক জাহাজ আগমনযোগ্য বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত নৌবন্দরের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও অন্যান্য বন্দর কর্তৃপক্ষ;

(ঠ) **"বিপজ্জনক পণ্য"** অর্থ The International Maritime Dangerous Goods (IMDG) Code এবং International Air Transport Association (IATA)-Dangerous Goods Regulation (DGR) এর অধীন শ্রেণিবিন্যাসকৃত সকল পণ্য;

(ড) **"বোর্ড"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৩৮) এ সংজ্ঞায়িত জাতীয় রাজস্ব বোর্ড;

(ঢ) **"ভেন্ডর"** অর্থ জাহাজ হতে স্লাজ অয়েল বা ডার্টি অয়েল বা অন্য কোনো অনভিপ্রেত পণ্য বা বর্জ্য অপসারণ ও ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত কাস্টমস স্টেশন কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(ণ) **"মাল্টিমোডাল ট্রান্সপোর্ট অপারেটর"** অর্থ কোনো ফ্রেইট ফরওয়ার্ডার বা শিপিং লাইন কর্তৃক একাধিক পরিবহন মাধ্যমে (যথা: নৌ, সড়ক, আকাশ বা রেলপথ) পণ্য পরিবহনের জন্য ট্রান্সপোর্ট ডকুমেন্ট ইস্যুকারী এবং কোনো নির্দিষ্ট মাল্টিমোডাল পরিবহনে অংশগ্রহণকারী ক্যারিয়ারের প্রিন্সিপাল হিসাবে দায়ভার গ্রহণকারী ব্যক্তি;

(ত) **"লাইসেন্স"** অর্থ শিপিং এজেন্ট হিসাবে কার্য সম্পাদনের জন্য বিধি ৭ এর অধীন প্রদত্ত কোনো লাইসেন্স;

(থ) **"লাইসেন্সি"** অর্থ বিধি ৫ এর অধীন আবেদনকারী কর্তৃক বিধি ৭ এর অধীন প্রাপ্ত শিপিং এজেন্ট লাইসেন্সধারী;

(দ) **"লাইসেন্সিং কর্তৃপক্ষ"** অর্থ বিধি ৩ এর অধীন গঠিত লাইসেন্সিং কর্তৃপক্ষ;

(ধ) **"শিপ চ্যান্ডলার"** অর্থ আইনের ধারা ১৫৩ অনুসারে বিদেশগামী নির্দিষ্ট যানবাহনে রসদ ও ভান্ডার সামগ্রী রপ্তানিকারক বন্দর কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত শিপ চ্যান্ডলার;

(ন) **"শিপিং এজেন্ট"** অর্থে আইনের ধারা ২ এর দফা (৪৩) তে সংজ্ঞায়িত যানবাহনের আগমন, অবস্থান ও প্রস্থান সংশ্লিষ্ট ব্যবসায় পরিচালনাকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং কোনো বিদেশি শিপিং লাইনের স্থানীয় এজেন্টও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(প) **"শিপিং এজেন্ট সহকারী"** অর্থ বিধি ২১ এর উপ-বিধি (১) এর অধীন নিয়োগকৃত শিপিং এজেন্ট সহকারী; এবং

(ফ) **"শিপিং এজেন্ট সহকারী পারমিট"** অর্থ বিধি ২১ এর উপ-বিধি (৩) এর অধীন ইস্যুকৃত শিপিং এজেন্ট সহকারী পারমিট।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **লাইসেন্সিং কর্তৃপক্ষ।**—(১) এই বিধিমালার অধীন শিপিং এজেন্ট লাইসেন্স প্রদানের উদ্দেশ্যে নৌ বা সমুদ্র বন্দর সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনে ১ (এক) টি লাইসেন্সিং কর্তৃপক্ষ থাকিবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্যপূরণকল্পে, নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে লাইসেন্সিং কর্তৃপক্ষ গঠিত হইবে, যথা:—

(ক) কাস্টমস স্টেশনে কর্মরত অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস বা, ক্ষেত্রমত, জয়েন্ট কমিশনার অব কাস্টমস, যিনি ইহার সভাপতি হইবেন; এবং

(খ) কাস্টমস স্টেশনে কর্মরত ডেপুটি কমিশনার অব কাস্টমস বা অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস, যিনি ইহার সদস্য সচিব হইবেন।

৪। **লাইসেন্সিং কর্তৃপক্ষের ক্ষমতা**।—লাইসেন্সিং কর্তৃপক্ষ শিপিং এজেন্টের লাইসেন্স প্রদান, নবায়ন, সাময়িক স্থগিতকরণ, বাতিল এবং প্রযোজ্য ক্ষেত্রে, জরিমানা আরোপ করিতে পারিবে।

৫। **লাইসেন্সের জন্য আবেদন**।—(১) এই বিধিমালার অধীন লাইসেন্স প্রাপ্তির জন্য আগ্রহী প্রার্থীগণকে নিম্নবর্ণিত দলিলাদিসহ লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর **ফরম-ক** অনুসারে আবেদনপত্র দাখিল করিতে হইবে, যথা:—

(ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;

(খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি;

(গ) মূল্য সংযোজন কর নিবন্ধন সনদপত্র (মূসক-২.৩);

(ঘ) প্রযোজ্য ক্ষেত্রে আয়কর কর্তৃপক্ষ কর্তৃক আবেদনের বৎসর বা তাহার পূর্ববর্তী বৎসরের প্রদত্ত আয়কর রিটার্নের প্রমাণ (Proof of Submission of Return or PSR) এবং ১ (এক) বৎসরের আয়কর পরিশোধের চালানের কপি;

(ঙ) অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রির সনদপত্রের সত্যায়িত কপি;

(চ) আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি;

(ছ) অফিস কক্ষ নিজস্ব হইলে মালিকানা সম্পর্কিত দলিলাদি বা ভাড়াকৃত হইলে উহার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি;

(জ) ভাড়াকৃত অফিসের ক্ষেত্রে মূসক নিবন্ধন গ্রহণের পর হইতে ভাড়ার ভ্যাট প্রদানের প্রমাণক হিসাবে ভ্যাট জমা প্রদানের ট্রেজারী চালানের কপি;

(ঝ) আবেদন ফি হিসাবে সংশ্লিষ্ট কমিশনারের অনুকূলে ১০ (দশ) হাজার টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(ঞ) লাইসেন্স প্রাপ্তির জন্য আংশিক বিদেশি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে বিদেশি অংশীদারের শেয়ার মোট শেয়ারের শতকরা ৪৯ (উনপঞ্চাশ) ভাগের উর্ধ্বে নয় এবং ন্যূনতম ৪ (চার) লক্ষ মার্কিন ডলার (বৈদেশিক মুদ্রায় বিনিয়োগকৃত) পরিশোধিত মূলধন দেখাইয়া বাংলাদেশের রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ ও ফার্মসের অধীন নিবন্ধিত হওয়া সংক্রান্ত দলিলাদি;

(ট) আবেদনকারী কোম্পানী হইলে কোম্পানীর মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেল অব এসোসিয়েশনের কপি এবং Partnership Act, 1932 অনুসারে যৌথ মালিকানাধীন ফার্ম হইলে যৌথ কারবারের চুক্তিপত্রের সত্যায়িত কপি ও রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীর নিবন্ধনের কপি;

(ঠ) একইনামে আবেদনকারীর অনুকূলে ব্যক্তি মালিকানাধীন বা অংশীদারি বা যৌথ মালিকানাধীন বা কোম্পানীর নামে ইতোপূর্বে এই বিধিমালার অধীন কোনো লাইসেন্স প্রদান করা হয় নাই, এই মর্মে ৩০০ (তিনশত) টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা;

(ড) কাস্টমস আইন, ২০২৩, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা ২০১৬, আমদানি নীতি আদেশ ও রপ্তানি নীতি এবং শিপিং এজেন্ট সেবার সহিত সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতার প্রমাণ সম্পর্কিত প্রত্যয়নপত্র (যদি থাকে)।

৬। **লাইসেন্স প্রদানের জন্য আবেদনপত্র বাছাই**।—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনপত্রের সহিত দাখিলকৃত দলিলাদি যাচাই বাছাইপূর্বক আবেদনপত্রটি গ্রহণ বা বাতিল করিবে।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ প্রযোজ্য ক্ষেত্রে অনলাইন পদ্ধতিতে আবেদন গ্রহণ করিতে পারিবে।

৭। **লাইসেন্স প্রদান পদ্ধতি**।—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষ দাখিলকৃত আবেদন যাচাইপূর্বক সঠিক প্রাপ্তি সাপেক্ষে যোগ্য প্রার্থীগণকে নিম্নবর্ণিত ফি ও দলিলাদি দাখিল করিবার নির্দেশ প্রদান করিতে পারিবে, যথা:—

(ক) লাইসেন্স ফি বাবদ সংশ্লিষ্ট কমিশনারের অনুকূলে ১ (এক) লক্ষ টাকার ট্রেজারি চালান বা এ-চালান বা ব্যাংক ড্রাফট;

(খ) জামানত হিসাবে সংশ্লিষ্ট কমিশনারের অনুকূলে **ফরম-খ** অনুসারে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত—

(অ) আংশিক বিদেশি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে ১ (লক্ষ) মার্কিন ডলারের নিঃশর্ত ও অব্যাহত গ্যারান্টি এবং উক্ত গ্যারান্টির বিপরীতে বাংলাদেশের যে কোনো তফসিলি ব্যাংক হইতে অনুরূপ নিঃশর্ত ও অব্যাহত কাউন্টার গ্যারান্টি;

(আ) সম্পূর্ণ বাংলাদেশি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাংলাদেশের যে কোনো তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ১০ (দশ) লক্ষ টাকা মূল্যমানের নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টির মাধ্যমে নিরাপত্তা জামানত;

(গ) লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট সততা, নিষ্ঠা ও পেশাগত দক্ষতার সহিত দায়িত্ব পালনের অঙ্গীকারনামা;

(ঘ) লাইসেন্সির অধীন কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী বা সহকারী নিয়োগের অঙ্গীকারনামা;

(ঙ) আংশিক বিদেশি মালিকানাধীন কোম্পানী বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধনের সনদপত্র।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত দলিলাদি যাচাই বাছাইপূর্বক লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য বিবেচ্য হইলে দলিলাদি দাখিলের তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে আবেদনকারীকে **ফরম-গ** অনুসারে শিপিং এজেন্ট লাইসেন্স প্রদান করিবে।

(৩) যদি কোনো কারণে লাইসেন্সের আবেদন নামঞ্জুর করা হয় বা লাইসেন্স প্রদান না করিবার সিদ্ধান্ত গ্রহণ করা হয়, তাহা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত নামঞ্জুরের কারণ ও সিদ্ধান্তের বিষয়টি ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে আবেদনকারীকে অবহিত করিবে।

(৪) কোনো লাইসেন্সি লাইসেন্স সমর্পণ করিলে লাইসেন্সের বিপরীতে গৃহীত নিরাপত্তা জামানত ফেরত প্রদান করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, লাইসেন্স বাতিল হইলে জামানতের অর্থ সরকারের অনুকূলে নগদায়নযোগ্য হইবে।

৮। **লাইসেন্সের মেয়াদ**।—এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে পরবর্তী ৫ (পাঁচ) বৎসর।

৯। **লাইসেন্স নবায়ন**।—(১) লাইসেন্সের মেয়াদ অতিক্রান্ত হইবার ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট প্রতি বৎসর ১০ (দশ) হাজার টাকা হিসাবে ৫ (পাঁচ) বৎসরের জন্য ৫০ (পঞ্চাশ) হাজার টাকা ট্রেজারি চালান বা এ-চালান বা ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা প্রদানপূর্বক শিপিং এজেন্ট লাইসেন্স নবায়নের জন্য নিম্নবর্ণিত দলিলাদিসহ আবেদন করিতে হইবে, যথা:—

(ক) মূল লাইসেন্সের কপি;

(খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি;

(গ) Integrated VAT Administration System (IVAS) এ দাখিলপত্র দাখিলের প্রিন্টেড কপি অথবা মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়ের বিভাগীয় কর্মকর্তার নিকট হইতে প্রাপ্ত নিয়মিত দাখিলপত্র দাখিলের প্রত্যয়নপত্র;

(ঘ) আয়কর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বিগত মেয়াদের [পূর্ববর্তী ৫ (পাঁচ) বৎসরের] আয়কর রিটার্নের প্রমাণ (Proof of Submission of Return or PSR) এবং আয়কর পরিশোধের চালানের কপি;

(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র এবং উক্তরূপ ভাড়ার বিপরীতে পরিশোধিত মূসকের এ-চালানের কপি;

(চ) আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি;

(ছ) নবায়ন ফি এবং উহার উপর প্রযোজ্য মূসক পরিশোধের এ-চালানের কপি; এবং

(জ) লাইসেন্সিং কর্তৃপক্ষের চাহিত অন্য যে কোনো তথ্য বা দলিলপত্র।

(২) শিপিং এজেন্ট উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে আবেদন করিতে ব্যর্থ হইলে লাইসেন্স সাময়িকভাবে স্থগিত হইবে এবং উপযুক্ত কারণ উল্লেখপূর্বক লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট সময় বৃদ্ধির আবেদন করিতে পারিবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত কারণ যাচাই বাছাইপূর্বক সন্তুষ্ট হইলে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কার্যদিবস সময় বৃদ্ধি করিতে পারিবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত দলিলাদি এবং সংশ্লিষ্ট শিপিং এজেন্টের বিগত মেয়াদের কার্যক্রম যাচাই বাছাইপূর্বক আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে পরবর্তী ৫ (পাঁচ) বৎসর মেয়াদে লাইসেন্সটি নবায়ন করিবে:

তবে শর্ত থাকে যে, নির্ধারিত সময়ের মধ্যে উপ-বিধি (১) এ বর্ণিত দলিলাদিসহ লাইসেন্স নবায়নের জন্য আবেদন না করিলে এবং লাইসেন্স নবায়ন করিতে না পারিলে লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইবে।

(৪) লাইসেন্সিং কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কারণে লাইসেন্স নবায়ন না করিবার সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে, যথা:—

(ক) শিপিং এজেন্টের কার্যক্রম বিদ্যমান বিধি-বিধান অনুসারে সন্তোষজনক না হইলে;

(খ) আইনের আওতায় দাখিলকৃত মেনিফেস্ট কোনো লাইনের ঘোষিত ওজনের চেয়ে উক্ত চালানের Verified Gross Mass (VGM) বেশি হইলে উচ্চ ঝুঁকির শিপিং এজেন্ট হিসাবে পরিগণিত হইবে এবং এইরূপ কার্যক্রম ৩ (তিন) বার সংঘটিত হইলে;

(গ) শিপিং এজেন্টের ইচ্ছাকৃত কার্য, অবহেলা অথবা ত্রুটির কারণে কোনো শুল্ক ও কর অনারোপিত থাকিলে বা কম আরোপিত হইলে অথবা প্রতারণা বা ইচ্ছাকৃত বিভ্রান্তির (willful misleading) কারণে শুল্ক ও কর ফেরত প্রদানের পরিপ্রেক্ষিতে কোনো মামলা উদ্ভব হইলে বা সরকারি পাওনা বকেয়া থাকিলে;

(ঘ) শিপিং এজেন্টের বিরুদ্ধে কোনো ফৌজদারি মামলা বা আইনের অধীন কোনো মামলা বা সরকারি পাওনা বকেয়া থাকিলে;

(ঙ) শিপিং এজেন্টের বিপরীতে এই বিধিমালার অধীন গৃহীত কোনো শাস্তিমূলক কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে তা নিষ্পন্ন না হওয়া পর্যন্ত;

(চ) লাইসেন্সির বিরুদ্ধে পণ্যচালান আটক রেখে তৃতীয় পক্ষ থেকে বেআইনি বা বিধিবহির্ভূত কোনো অর্থ আদায়ের অভিযোগ প্রমাণিত হইলে।

(৫) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (৪) এ উল্লিখিত যে কোনো কারণে লাইসেন্স নবায়ন না করিবার সিদ্ধান্ত গ্রহণ করিলে শিপিং এজেন্টকে লিখিতভাবে অবহিত করিবে।

১০। **লাইসেন্সের অধিক্ষেত্র**।—এই বিধিমালার অধীন কোনো নৌ বা সমুদ্র বন্দর সংশ্লিষ্ট কাস্টমস স্টেশন হইতে লাইসেন্স গ্রহণ করা হইলে উক্ত লাইসেন্সের অধিক্ষেত্র হইবে সমগ্র বাংলাদেশের যে কোনো সমুদ্র বন্দর সংশ্লিষ্ট কাস্টমস স্টেশন।

১১। **লাইসেন্স হস্তান্তর**।—এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স বিধি ১৬ এ বর্ণিত ক্ষেত্র ব্যতীত হস্তান্তরযোগ্য হইবে না।

১২। **লাইসেন্সের অনুলিপি প্রদান**।—(১) লাইসেন্স হারাইয়া গেলে বা যে কোনো প্রকারে নষ্ট হইলে সংশ্লিষ্ট শিপিং এজেন্ট ৫ (পাঁচ) হাজার টাকা ফি পরিশোধপূর্বক লিখিত আবেদন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্সের একটি অনুলিপি প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স হারাইয়া গেলে সংশ্লিষ্ট থানায় সাধারণ ডায়েরি করিতে হইবে এবং একটি জাতীয় পত্রিকায় হারানো বিজ্ঞপ্তি প্রকাশপূর্বক বর্ণিত দলিলাদির অনুলিপি আবেদনের সহিত দাখিল করিতে হইবে।

১৩। **লাইসেন্সির দায়িত্ব ও কর্তব্য**।—এই বিধিমালার অধীন লাইসেন্সির দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা:—

(ক) জাহাজ বন্দরে আগমন, বন্দরে অবস্থানকালীন বা বন্দর ত্যাগের লক্ষ্যে জাহাজ ও জাহাজের ক্রুদের জন্য প্রয়োজনীয় সকল ধরনের কার্যক্রম জাহাজের মালিকপক্ষ বা পরিচালনাকারীর পক্ষে লাইসেন্সিকে সম্পাদন করিতে হইবে;

(খ) জাহাজে প্রদত্ত পরিষেবার জন্য সরকারি কর্তৃপক্ষ এবং অন্যান্য বিধিবদ্ধ সংস্থাকে প্রদেয় চার্জ, মজুরি, ফি এবং খরচ জাহাজের মালিকপক্ষ বা পরিচালনাকারীর পক্ষে লাইসেন্সিকে বহন করিতে হইবে;

(গ) জাহাজের মালিকপক্ষ বা পরিচালনাকারীর পক্ষে পণ্য বোঝাই বা অবতরণের বিষয়টি তদারকি করিবে;

(ঘ) জাহাজে আমদানিকৃত বা রপ্তানিতব্য কার্গো প্রাপ্তির সাথে সম্পর্কিত যাবতীয় কার্যক্রম সম্পাদন করিতে হইবে এবং সংশ্লিষ্ট আমদানিকারক বা আমদানিকারকের মনোনীত এজেন্টদের কাছে সরবরাহের ব্যবস্থা করিতে হইবে;

(ঙ) আমদানি ও রপ্তানি সংক্রান্ত প্রতিটি পণ্যচালান বন্দরে আনলোড হওয়ার অব্যবহিত পর উহাদের উপর প্রযোজ্য শুল্ক-করাদি ও অন্যান্য চার্জ (যদি থাকে) পরিশোধ হওয়ার পর Delivery Order (DO) ইস্যু করিতে হইবে;

(চ) কার্গো ঘোষণা এবং মূল বিল অব লেডিং অনুসারে জাহাজে পরিবাহিত পণ্যের আগমন বা বহির্গমন সম্পর্কে উহার আমদানিকারক ও রপ্তানিকারককে অবহিত করিতে হইবে;

(ছ) কাস্টমস আইন, ২০২৩ অনুসারে Online System এ কার্গো ঘোষণা দাখিল করিতে হইবে;

(জ) শিপ চ্যান্ডলার ও ভেন্ডর কর্তৃক জাহাজে রসদ ও ভান্ডার সামগ্রী সরবরাহ এবং স্লাজ অয়েল ও অন্যান্য পণ্য খালাস বা অপসারণের বিষয়ে অবগত থাকা এবং কোনো অনিয়ম বা শুল্ক ও কর ফাঁকির তথ্য পাওয়া গেলে তাহা অতিসত্বর দায়িত্বপ্রাপ্ত কাস্টমস কর্মকর্তাকে অবহিত করিতে হইবে;

(ঝ) শিপ স্টোর ও ক্রু বন্ডেড ওয়্যারহাউস এবং ডিউটি ফ্রি শপ হইতে শুল্কমুক্ত পণ্যসামগ্রী জাহাজে রপ্তানি বা বাংকারিং কার্যক্রম সম্পর্কে অবগত থাকা এবং কোনো অনিয়ম বা শুল্ক ও কর ফাঁকির তথ্য পাওয়া গেলে তাহা অতি সত্বর দায়িত্বপ্রাপ্ত কাস্টমস কর্মকর্তাকে অবহিত করিতে হইবে;

(ঞ) আমদানিকৃত বাল্ক কার্গোর কাস্টমস সার্ভে কার্যক্রমে সহায়তা করিতে হইবে;

(ট) ফ্রেইট ফরোয়ার্ডারগণকে তাহার দায়িত্ব পালনে সহযোগিতা করিতে হইবে;

(ঠ) জাহাজের দায়িত্বপ্রাপ্ত কাস্টমস কর্মকর্তাকে নিরাপত্তা ব্যবস্থাপনায় জাহাজে আনা-নেওয়াসহ প্রয়োজনীয় খাবার ও পানীয়, ইত্যাদির সংস্থান করিতে হইবে;

(ড) বিদ্যমান বিধি-বিধান মোতাবেক জাহাজে দায়িত্বপ্রাপ্ত কাস্টমস কর্মকর্তাগণের জাহাজে অবস্থানকালীন (জাহাজ ফেয়ারওয়েতে আগমন এবং বন্দর ত্যাগ পর্যন্ত সময়কালের) মার্চেন্ট ওভার-টাইম (এমওটি) ফি পরিশোধের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

(ঢ) কাস্টমস কর্তৃপক্ষের প্রয়োজনে লোড পোর্ট বুকিং প্রদানকারী, ফ্রেইট পরিশোধকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের পরিচিতি ও তথ্যাদি প্রদান করিতে হইবে;

(ণ) সকল স্থানীয় বিধি-বিধান ও আন্তর্জাতিক বাধ্যবাধকতা পরিপালনক্রমে সকল কার্য-সম্পাদন করিতে হইবে;

(ত) Admiralty Suit বা অন্য কোনো মামলায় বিজ্ঞ আদালত প্রদত্ত রায় বা আদেশ পরিপালনে সহযোগিতা করিতে হইবে;

(থ) লাইসেন্সিকে কনসাইনি প্রদর্শন করিয়া কোনো কার্গো ঘোষণা দাখিল করা হইলে বা অন্য কোনো ভুল তথ্য প্রদান করা হইলে লাইসেন্সি স্বীয় দায়িত্বে উক্ত কার্গো ঘোষণা বা তথ্য প্রয়োজনীয় সংশোধনীর ব্যবস্থা গ্রহণপূর্বক সংশোধিত কার্গো ঘোষণা দাখিলের ব্যবস্থা গ্রহণ করিবে, যাহাতে কাস্টমস কর্তৃপক্ষ উক্ত কার্গো ঘোষণা সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারে এবং উক্তরূপে কোনো সিদ্ধান্ত গ্রহণ করা হইলে লাইসেন্সি স্বীয় দায়িত্বে সংশোধিত কার্গো ঘোষণা সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে;

(দ) কনসাইনি কর্তৃক যথাযথ কাস্টমস সংক্রান্ত আনুষ্ঠানিকতা পরিপালন শেষে মূল অথবা, ক্ষেত্রমত, ব্যাংক এনডোর্সকৃত ট্রান্সপোর্ট ডকুমেন্ট প্রদান ও কাস্টমস কর্তৃপক্ষের পণ্যখালাস আদেশ দাখিল করার ১ (এক) কার্য দিবসের মধ্যে লাইসেন্সি তার আইনগত সকল দায় নিষ্পন্ন করিবে ও কনসাইনি কর্তৃক দাখিলকৃত ট্রান্সপোর্ট ডকুমেন্টে বর্ণিত আইনানুগ শর্ত অনুসারে পণ্য ডেলিভারি প্রদান করিবে;

(ধ) ব্যবসা সংক্রান্ত দলিলপত্র লাইসেন্সির অফিসে ৫ (পাঁচ) বৎসর বা বোর্ড কর্তৃক নির্ধারিত মেয়াদ পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে এবং যথোপযুক্ত কাস্টমস কর্মকর্তা বা বোর্ড, বন্দর কর্তৃপক্ষ বা বাংলাদেশ ব্যাংক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কর্মকর্তা কর্তৃক নিরীক্ষা বা তদন্তের প্রয়োজনে চাহিদা মোতাবেক যে কোনো দলিলপত্র বা উহার অনুলিপি সরবরাহ করিতে বাধ্য থাকিবে;

(ন) পণ্যচালান বন্দরে অবতরণের ন্যূনতম ২ (দুই) কার্যদিবস পূর্বে পণ্যের বিস্তারিত বিবরণ, পণ্য অবতরণের সম্ভাব্য তারিখ ও সময়, জাহাজের বিবরণ এবং প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি উল্লেখ করিয়া কনসাইনির বরাবর নোটিশ প্রেরণ করিতে হইবে এবং পণ্যের বিদেশি রপ্তানিকারক বা কনসাইনর তাহার উপযুক্ত বৈধ এজেন্টের নিকট হইতে ট্রান্সপোর্ট ডকুমেন্টে অন্যবিধ লিখিত বৈধ নির্দেশনা পাওয়া না গেলে আমদানিকৃত চালানের সকল দায়-দায়িত্ব চালান গ্রহণের সময় হইতে ডেলিভারি পর্যন্ত লাইসেন্সি বহন করিবে;

(প) শিপিং এজেন্টের ঠিকানা পরিবর্তন হইলে, উক্ত পরিবর্তন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে লাইসেন্সিং কর্তৃপক্ষকে লিখিতভাবে অবগত করিতে হইবে;

(ফ) বোর্ড কর্তৃক, সময় সময়, জারীকৃত সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা অর্পিত অন্য কোনো দায়িত্ব ও কর্তব্য পালন করিতে হইবে।

১৪। **লাইসেন্স সাময়িক স্থগিতকরণ।**—লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোনো শিপিং এজেন্টের অনুকূলে প্রদত্ত লাইসেন্স অবিলম্বে স্থগিত করা আবশ্যক, তাহা হইলে বিধি ১৫ এর অধীন লাইসেন্সের কার্যক্রম চূড়ান্ত করিবার পূর্বে লাইসেন্সের কার্যকারিতা সাময়িকভাবে স্থগিত রাখিতে পারিবে।

১৫। **লাইসেন্স বাতিল, স্থগিত বা জরিমানা আরোপ।**—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষ নিম্নবর্ণিত যে কোনো কারণে শিপিং এজেন্টকে যথাযথ কারণ দর্শাইবার এবং শুনানির সুযোগ প্রদান করিয়া তাহার লাইসেন্স বাতিলসহ উপ-বিধি (২) এর অধীন, ক্ষেত্রমত, স্থগিত বা জরিমানা আরোপ করিতে পারিবে, যথা:—

(ক) এই বিধিমালার কোনো বিধান বা লাইসেন্সে উল্লিখিত কোনো শর্ত ভঙ্গ করা হইলে;

(খ) বিধি ১৩ এ উল্লিখিত দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, দীর্ঘসূত্রতা বা অদক্ষতা প্রদর্শন করা হইলে;

(গ) আমদানিকারক বা রপ্তানিকারক হতে বিধি বহির্ভূত অর্থ আদায় বা তাহাকে অন্য কোনোরূপে হয়রানি করিলে;

(ঘ) কাস্টমস কর্মকর্তাদের সহিত অসৌজন্যমূলক আচরণের কারণে দোষী সাব্যস্ত হইলে;

(ঙ) শুল্ক-কর ফাঁকিতে সহায়তা করিলে বা স্বীয় গ্রাহকের আমদানি বা রপ্তানি নিষিদ্ধ বা নিয়ন্ত্রিত পণ্যের বিষয়ে তথ্য প্রদানের ক্ষেত্রে কাস্টমস কর্তৃপক্ষকে যথাযথ সহযোগিতা প্রদানে ব্যর্থ হইলে;

(চ) কাস্টমস প্রক্রিয়া অসম্পন্ন থাকাবস্থায় কোনো পণ্যচালানের সহিত সংশ্লিষ্ট কার্গো ঘোষণা কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক অন্যূন ২ (দুই) বার লিখিতভাবে দাখিলের তাগিদ প্রদানের পরও কাস্টমস কম্পিউটার সিস্টেমে উহা দাখিল না করিলে;

(ছ) কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক চাহিত দলিল বা রেকর্ডপত্র প্রদান না করিলে;

(জ) কাস্টমস কর্তৃপক্ষ, বন্দর কর্তৃপক্ষ বা বাংলাদেশ ব্যাংকের নিকট মিথ্যা ঘোষণা প্রদান করিলে অথবা ত্রুটিপূর্ণ কিংবা জাল দলিল প্রদান অথবা কোনো দলিলাদি অবৈধভাবে পরিবর্তন, পরিমার্জন, পরিবর্ধন বা অপসারণ করিলে;

(ঝ) আইনের আওতায় দাখিলকৃত মেনিফেস্টে কোনো লাইনের ঘোষিত ওজনের চেয়ে উক্ত চালানের Verified Gross Mass (VGM) বেশী হইলে উচ্চ ঝুঁকির শিপিং এজেন্ট হিসাবে পরিগণিত হইবে এবং এইরূপ কার্যক্রম ৩ (তিন) বার সংঘটিত হইলে;

(ঞ) ভয়-ভীতি, মিথ্যা অভিযোগ, বলপ্রয়োগ বা কোনো অন্যায় সুযোগ সুবিধা প্রদানের মাধ্যমে কাস্টমস কর্মকর্তা বা কর্মচারীকে প্রভাবিত করিলে;

(ট) আরোপিত কোনো জরিমানা বা ফি পরিশোধ না করিলে;

(ঠ) উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইলে;

(ড) উপযুক্ত আদালত কর্তৃক ফৌজদারি গুরুতর অপরাধে দন্ডিত হইলে;

(ঢ) লাইসেন্সি কর্তৃক লাইসেন্স বাতিলের আবেদন করা হইলে;

(ণ) লাইসেন্সিং কর্তৃপক্ষ যদি এইরূপ প্রমাণ পায় যে, লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে লাইসেন্সি অসত্য তথ্য বা দলিলাদির আশ্রয় নিয়েছেন; এবং

(ত) এই বিধিমালার অধীন অর্পিত কোনো দায়িত্ব পালন না করিলে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো দফা লঙ্ঘনের দায়ে লাইসেন্স স্থগিতকরণ বা বাতিলসহ লাইসেন্সিং কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিপিং এজেন্টকে, ক্ষেত্রমত, নিম্নবর্ণিত জরিমানা আরোপ করিতে পারিবে, যথা:—

(ক) সাময়িক সময়ের জন্য লাইসেন্স স্থগিত করিতে পারিবেন, তবে চলমান কার্যক্রম অব্যহত থাকিবে;

(খ) শিপিং এজেন্টের কর্মকান্ড শুল্ক ও কর ফাঁকির সহায়ক না হইলে অন্যূন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা হইতে অনূর্ধ্ব ২ (দুই) লক্ষ টাকা জরিমানা;

(গ) শিপিং এজেন্টের কর্মকান্ড শুল্ক ও কর ফাঁকির সহায়ক হিসাবে প্রমাণিত হইলে এবং শুল্ক ও কর ফাঁকি সংঘটিত না হইলেও উক্ত ফাঁকি সংঘটিত হইলে যে পরিমাণ রাজস্ব ক্ষতি সাধিত হইত উহার সমপরিমাণ হইতে অনধিক দ্বিগুণ পরিমাণ অর্থ জরিমানা।

১৬। **লাইসেন্সের গঠনগত পরিবর্তন বা হস্তান্তরের ক্ষেত্রে বিধি-নিষেধ।**—এই বিধিমালার অধীন প্রদত্ত কোনো লাইসেন্স, নিম্নবর্ণিত ক্ষেত্র ব্যতীত, গঠনগতভাবে পরিবর্তন করা যাইবে না বা হস্তান্তর করা যাইবে না, যথা:—

(ক) লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিদ্যমান লাইসেন্স Partnership Act, 1932 (Act No. IX of 1932) এবং কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর আওতায় যথাক্রমে অংশীদারি প্রতিষ্ঠান বা কোম্পানীতে রূপান্তরের মাধ্যমে লাইসেন্সের গঠনগত পরিবর্তন সাধন করা যাইবে, তবে অংশীদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে অংশীদার এবং কোম্পানীর ক্ষেত্রে পরিচালকগণকে স্ব-স্ব কাস্টমস হাউস বা স্টেশনের লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক সাক্ষাৎকারে অংশগ্রহণ করিতে হইবে;

(খ) কোনো শিপিং এজেন্টের স্বত্বাধিকারীর মৃত্যুজনিত কারণে নিম্নরূপ ক্ষেত্রে লাইসেন্স হস্তান্তর করা যাইবে, যথা:—

(অ) উক্ত শিপিং এজেন্টের মৃত্যুর ১৮০ (একশত আশি) দিনের মধ্যে তাহার বৈধ উত্তরাধিকারী, যদি থাকে, তাহাদের মধ্য হইতে একজনকে প্রতিনিধি মনোনয়নপূর্বক লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর লিখিতভাবে আবেদন করিতে হইবে;

(আ) দফা (ক) অনুসারে আবেদন প্রাপ্তি সাপেক্ষে এই বিধিমালার অধীন গঠিত লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সাক্ষাৎকারে অংশগ্রহণ করিতে হইবে।

১৭। **ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে দলিলাদি স্বাক্ষর।**—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিয়া লাইসেন্সি তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে **ফরম-ঘ** অনুসারে দলিল স্বাক্ষরের ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

(২) লাইসেন্সির পক্ষে কার্য-সম্পাদনের জন্য মনোনীত প্রতিনিধি বা প্রতিনিধিবৃন্দের নাম, প্রত্যেক প্রতিনিধির ২ (দুই) কপি সত্যায়িত ছবি, অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রির সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের কপি, সত্যায়িত নমুনা স্বাক্ষরসহ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন দাখিল করিতে হইবে।

(৩) মনোনীত প্রতিনিধি বা প্রতিনিধিবৃন্দ কর্তৃক কৃত কোনো কার্য শিপিং এজেন্ট কর্তৃক কৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উক্ত কার্যের সংশ্লেষে কোনো দায় উদ্ভব হইলে তাহা সংশ্লিষ্ট শিপিং এজেন্টের উপর বর্তাইবে।

১৮। **ডকুমেন্ট প্রসেসিং ফি**।—শিপিং এজেন্ট কর্তৃক কার্গো ঘোষণা দাখিলের বিপরীতে সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের নির্ধারিত হারে ডকুমেন্ট প্রসেসিং ফি সরকারি কোষাগারে জমা প্রদান করিতে হইবে।

১৯। **লাইসেন্স প্রদান, স্থগিত, বাতিল, ইত্যাদি বিষয়ে অবহিতকরণ**।—লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক কোনো লাইসেন্স প্রদান করা হইলে অথবা উহা সাময়িকভাবে স্থগিত বা স্থায়ীভাবে বাতিল করা হইলে, উক্ত লাইসেন্স প্রদান, স্থগিত বা বাতিলের বিষয়টি অনতিবিলম্বে সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের ওয়েবসাইটে প্রকাশ এবং, প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষ এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

২০। **লাইসেন্সিং কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল**।—এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সিং কর্তৃপক্ষের কোনো সিদ্ধান্তের বিরুদ্ধে কোনো ব্যক্তি বা শিপিং এজেন্ট সংক্ষুব্ধ হইলে উক্ত সিদ্ধান্ত সম্পর্কে অবহিত হইবার পর আইনের ধারা ২২০ অনুযায়ী আপিল কর্তৃপক্ষের নিকট আপিল করিতে পারিবেন।

২১। **শিপিং এজেন্ট সহকারী নিয়োগ ও যোগ্যতা**।—(১) বিধি ১৩ এর এক বা একাধিক কার্যক্রম সম্পন্ন করিবার লক্ষ্যে শিপিং এজেন্ট তাহার পক্ষে শিপিং এজেন্ট সহকারী নিয়োগ করিতে পারিবে।

(২) শিপিং এজেন্ট সহকারী নিয়োগের উদ্দেশ্যে, শিপিং এজেন্ট সহকারী পারমিট ইস্যুর জন্য সংশ্লিষ্ট প্রার্থীর নিম্নবর্ণিত দলিলাদিসহ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট **ফরম-ঙ** অনুসারে আবেদন করিবে হইবে, যথা:—

(ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;

(খ) অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণের সনদপত্রের সত্যায়িত কপি;

(গ) কাস্টমস আইন, ২০২৩, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২, আমদানি নীতি আদেশ ও রপ্তানি নীতি এবং শুল্কায়ন প্রক্রিয়া সম্পর্কে বাস্তব অভিজ্ঞতার প্রমাণ সম্পর্কিত প্রত্যয়নপত্র (যদি থাকে)।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ আইন ও তৎসংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে পারমিট প্রার্থীর যোগ্যতা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে **ফরম-চ** অনুসারে শিপিং এজেন্ট সহকারী পারমিট ইস্যু করিতে পারিবে।

(৪) শিপিং এজেন্ট উপ-বিধি (৩) অনুসারে প্রাপ্ত পারমিটের ভিত্তিতে শিপিং এজেন্ট সহকারী নিয়োগ করিতে পারিবে।

(৫) পারমিটের মেয়াদ হইবে পারমিট প্রদান বা নবায়নের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর।

২২। **শিপিং এজেন্ট সহকারী পারমিট নবায়ন ও বাতিল**।—(১) বিধি ১৫ অনুসারে যেই সকল কারণে লাইসেন্স বাতিলযোগ্য সেই সকল কারণে লাইসেন্সিং কর্তৃপক্ষ শিপিং এজেন্ট সহকারী পারমিট বাতিল করিতে পারিবে।

(২) শিপিং এজেন্ট লাইসেন্স বাতিল বা স্থগিত হইলে সংশ্লিষ্ট শিপিং এজেন্ট সহকারী পারমিট বাতিল বা স্থগিত বলিয়া গণ্য হইবে।

(৩) শিপিং এজেন্ট লাইসেন্স নবায়ন সাপেক্ষে, লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট শিপিং এজেন্ট সহকারী পারমিট নবায়ন করা যাইবে।

২৩। **শিপিং এজেন্ট সহকারীর দায়িত্ব ও কর্তব্য**।—শিপিং এজেন্ট সহকারীর দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা:—

(ক) কাস্টমস সংক্রান্ত দায়িত্ব পালনে যথাযথ জ্ঞান, দক্ষতা, নিষ্ঠার প্রদর্শন এবং উক্ত দায়িত্ব পালনে কাস্টমস কর্তৃপক্ষকে সর্বোচ্চ সহযোগিতা করা;

(খ) শিপিং এজেন্ট সহকারী স্বীয় শিপিং এজেন্টের জাহাজ ব্যতীত অন্য কোনো জাহাজ সম্পর্কিত কার্যক্রমের সহিত যুক্ত হইতে পারিবেন না এবং একজন পারমিটধারী শিপিং এজেন্ট সহকারী যে কোনো সময় মাত্র একটি লাইসেন্সের অধীন দায়িত্ব পালন করিবেন।

২৪। **কমিশন, চার্জ, ফি ইত্যাদি নির্ধারণ**।—বোর্ড, সময় সময়, আদেশ দ্বারা, শিপিং এজেন্ট কর্তৃক প্রদত্ত সেবার বিনিময়ে প্রাপ্য কমিশন, চার্জ, ফি ইত্যাদির সর্বোচ্চ সীমা নির্ধারণ করিতে পারিবে।

২৫। **শিপিং এজেন্ট কর্তৃক পণ্য ডেলিভারি প্রদান না করার ক্ষেত্রে অনুসরণীয় কার্য পদ্ধতি**।—(১) কোনো পণ্য কনসাইনিকে ডেলিভারি প্রদানের লক্ষ্যে শিপিং এজেন্ট কর্তৃক যথাযথ ব্যবস্থা গৃহীত না হইলে পণ্য বন্দরে অবতরণের সর্বোচ্চ ৩ (তিন) কার্য দিবস পরে সংশ্লিষ্ট কনসাইনি বা তাহার প্রতিনিধি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট অভিযোগ দায়ের করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) অনুসারে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট কোনো অভিযোগ দায়ের করা হইলে, উক্ত লাইসেন্সিং কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পক্ষগণের শুনানি গ্রহণ সাপেক্ষে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করিবে বা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপযুক্ত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে।

২৬। **আরবিট্রেশন কমিটি গঠন ও অভিযোগ নিষ্পত্তি**।—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, প্রতিটি নৌ বা সমুদ্র বন্দর সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনে একটি আরবিট্রেশন কমিটি থাকিবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে আরবিট্রেশন কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের কমিশনার, যিনি ইহার আহবায়কও হইবেন;

(খ) সংশ্লিষ্ট বন্দর কর্তৃপক্ষের প্রতিনিধি;

(গ) বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি;

(ঘ) সংশ্লিষ্ট শিপিং এজেন্ট এসোসিয়েশনের প্রতিনিধি;

(ঙ) স্থানীয় চেম্বার বা ফেডারেশনের প্রতিনিধি;

(চ) সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের লাইসেন্সিং কর্তৃপক্ষের সভাপতি, যিনি ইহার সদস্য সচিবও হইবেন।

(৩) উক্ত কমিটির কার্য-পদ্ধতি ও অন্যান্য বিষয়াদি বোর্ড কর্তৃক সাধারণ আদেশ বা বিশেষ আদেশ দ্বারা নির্ধারিত হইবে।

(৪) কোনো ব্যক্তি, বা প্রতিষ্ঠান বা কনসাইনি শিপিং এজেন্টের বিরুদ্ধে পণ্য খালাসের যথাযথ ব্যবস্থা গ্রহণ না করা বা কোনো হয়রানি বা পণ্য ডেলিভারি সংক্রান্ত অন্য যে কোনো অভিযোগ আরবিট্রেশন কমিটির নিকট দায়ের করিতে পারিবে।

(৫) আরবিট্রেশন কমিটি উপ-বিধি (৪) এর অধীন অভিযোগ পাওয়ার পর সংশ্লিষ্ট পক্ষগণের শুনানি গ্রহণ সাপেক্ষে, সিদ্ধান্ত প্রদান করিবে বা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে।

২৭। **পূর্বে ইস্যুকৃত লাইসেন্সের হেফাজত।**—এই বিধিমালা কার্যকর হওয়ার পূর্বে ইস্যুকৃত কোনো লাইসেন্স যথাযথভাবে গৃহীত হইয়া থাকিলে উহা যথাসম্ভব এই বিধিমালার অধীন গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত লাইসেন্সের মেয়াদান্তে এই বিধিমালার বিধান অনুসারে নবায়ন করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, এইক্ষেত্রে বিধি ৭ এর উপ-বিধি (১) এর দফা (খ) এবং বিধি ৯ এর উপ-বিধি (৩) প্রযোজ্য হইবে এবং উক্ত লাইসেন্সের অধিক্ষেত্র বিধি ১০ অনুযায়ী নির্ধারিত হইবে।

**ফরম-ক**

**শিপিং এজেন্ট লাইসেন্স প্রাপ্তির আবেদন**

[বিধি ৫ দ্রষ্টব্য]

| পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি |
|---|

বরাবর,

সভাপতি,

লাইসেন্সিং কর্তৃপক্ষ,

——————————————।

মহোদয়,

আমি/আমরা ————————————————————————————
শিপিং এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৫ এর আওতায় শিপিং এজেন্ট হিসাবে ব্যবসা পরিচালনার নিমিত্ত শিপিং এজেন্ট লাইসেন্সের জন্য আবেদন করিতেছি।

বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল, যথা:—

১। কোম্পানী/প্রতিষ্ঠানের নাম:

২। কোম্পানী/প্রতিষ্ঠানের ঠিকানা:

৩। ব্যবসার ধরন (এক ব্যক্তি মালিকানাধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারিত্বমূলক, লিমিটেড কোম্পানী ইত্যাদি):

৪। যৌথকারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ব্যবস্থাপনা পরিচালকগণের নাম ও এনআইডি নম্বর:

৫। লাইসেন্স গ্রহণকারী কর্তৃক দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম ও এনআইডি নম্বর:

৬। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|
| | | | |

৭। ট্যাক্স আইডেন্টিফিকেশন ও মূসক নিবন্ধন নম্বর:

৮। একাউন্ট নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংকের নাম ও ঠিকানা:

৯। কোম্পানী/প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকা:

১০। লাইসেন্সিং বিধিমালার আওতায় ব্যক্তি বা প্রতিষ্ঠান বা যৌথ মালিকানাধীন বা অংশীদারি বা কোম্পানীর নামে লাইসেন্স থাকিলে তাহার বিবরণ:

১১। লাইসেন্স প্রাপ্তির আবেদন প্রত্যাখ্যান করা হইয়া থাকিলে তাহার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স, ইত্যাদি উল্লেখ করিতে হইবে:

আমি/ আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা শিপিং এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৫ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, লাইসেন্স প্রাপ্তির পর আমি/আমরা এই বিধিমালার বিধানাবলিসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলি মান্য করিব।

তারিখ: আপনার বিশ্বস্ত

(আবেদনকারীর
স্বাক্ষর ও দাপ্তরিক
সিল)

সংযুক্তি: (বিধি ৫ এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা প্রদান করিতে হইবে)

নোট: আবেদনপত্রে কোনো প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।

**ফরম-খ**

**নিরাপত্তা জামানত**

[বিধি ৭ (১) (খ) দ্রষ্টব্য]

২০———— সনের——————নম্বর

এই দলিল দ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাইতেছে যে, আমি/আমরা এই মর্মে বাংলাদেশ সরকারের নিকট———————————————————————— টাকার দায়ে আমি/আমরা দৃঢ়ভাবে পরিশোধের জন্য আমি নিজেকে এবং আমাদের প্রত্যেককে, আমাদের এবং আমাদের সকল উত্তরাধিকার, নির্বাহক এবং প্রশাসক উক্ত অর্থ পরিশোধে অদ্য দুই হাজার ————সনের ————মাসের ———তারিখ দায়বদ্ধ ও দৃঢ়ভাবে আবদ্ধ হইলাম।

যেহেতু ————————————————————————————————————————————— কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৪৩ এর আওতায় শিপিং এজেন্ট হিসাবে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন এবং———————————————————————————— ধারা ২৬৩ উক্ত আইনের দ্বিতীয় তফসিলের ক্রমিক নং ২৫ এর সহিত পঠিতব্য, এর অধীন প্রণীত বিধিমালার আওতায় আবশ্যক এই বন্ডে আবদ্ধ হইতে সম্মত হইলাম, এবং

যেহেতু ——————————————— বাংলাদেশ সরকারের সহিত আমার, আমার করণিক এবং কর্মচারীর কাস্টম হাউস বা স্টেশনের প্রবিধান এবং সেখানকার কর্মকর্তাদের সাথে বিশ্বস্ত আচরণের জন্য নিরাপত্তা জামানতে আবদ্ধ হইলাম।

অতঃপর উপরোল্লিখিত বন্ডের শর্ত এই যে যদি ———————————————————— ——————এবং তাহার করণিক এবং কর্মচারী এই লাইসেন্স ধারণ কালে নিজের উপরে বর্ণিত আচরণ কাস্টম হাউস বা স্টেশনের প্রবিধান মোতাবেক বিশ্বস্ততার সহিত সম্পাদন এবং শিপিং এজেন্ট হিসাবে তাহার কর্মকাণ্ড এবং যদি ——————————————— এবং তাহাদের নির্বাহক বা প্রশাসক কৃতকর্ম এবং সকল সময় বাংলাদেশ সরকারের অনুকূলে সকল এবং সমুদয় অর্থ যাহা— ————————————————— বা তাহার করণিক বা কর্মচারীর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকাণ্ড বা অবহেলার জন্য প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশ সরকারের অনুকূলে প্রদান করা না হয় তবে উপরিল্লিখিত বন্ড অকার্যকর হইবে। অন্যথায় ইহা সম্পূর্ণরূপে কার্যকর থাকিবে এবং ইহার ভিত্তিতে এই মর্মে সম্মত হইয়া ঘোষণা করা হইতেছে যে, বাংলাদেশ সরকারের উপরিবর্ণিত ——— ————————————টাকা যাহা তাহার করণিক বা কর্মচারীর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য সরকার প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশ সরকারের অনুকূলে পরিশোধের জন্য ব্যবহার করা যাইবে এবং এই মর্মে সম্মত হইয়াছি যে——————————— টাকা বাংলাদেশ সরকারের অনুকূলে ৬ (ছয়) মাস পর্যন্ত রক্ষিত থাকিবে যাহাতে ————————— ———————শিপিং এজেন্ট লাইসেন্স বাতিল হওয়ার পর তাহার দ্বারা সংঘটিত কিছু উদঘাটিত হয়নি এইরূপ বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য প্রাপ্য অর্থ সরকার কর্তৃক আদায়ের জন্য এই বন্ড উল্লিখিত ৬ (ছয়) মাস সময়ের জন্য কার্যকর থাকিবে। (ইহা আরও সম্মত হইয়াছি যে বাংলাদেশ সরকারের উপরোল্লিখিত ———————————টাকা——————————— ——————————— কর্তৃক তাহার জাহাজের পক্ষে কৃত কোনো কার্যক্রমের ফলে কম পরিশোধিত শুল্ক বা অন্য কোনো চার্জ সম্পূর্ণ বা আংশিক পরিশোধের জন্য এই বন্ড কার্যকর হইতে পারে যদিও কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ৩৩ অনুসারে দাবিনামা ইতোমধ্যে জারীকৃত হইয়াছে)।

উপস্থিত সাক্ষীগণের উপস্থিতিতে উপরিল্লিখিত নামীয় কর্তৃক স্বাক্ষরিত, সিলমোহরকৃত ও সরবরাহকৃত।

আমার সম্মুখে সম্পাদিত

তারিখ:..................

সাক্ষীগণের নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও স্বাক্ষর

১। ..............................................................................

২।.............................................................................

৩।.............................................................................

লাইসেন্সিং কর্তৃপক্ষ

**ফরম-গ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

...............কাস্টম হাউস/কমিশনারেট

**শিপিং এজেন্ট লাইসেন্স**

[বিধি ৭ (২) দ্রষ্টব্য]

| পাসপোর্ট সাইজের ছবি<br>১ (এক) কপি |
|---|

কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৪৩ এর আওতায়———— কাস্টম হাউস/কাস্টমস স্টেশনে, প্রযোজ্য ক্ষেত্রে, শিপিং এজেন্ট হিসাবে ব্যবসা পরিচালনার জন্য শিপিং এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৫ এর বিধি ৭ (২) মোতাবেক এই লাইসেন্স প্রদান করা হইল।

ক) লাইসেন্স নম্বর ও তারিখ :

খ) ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম

(এনআইডি/বিআইএন নম্বর) :

গ) ঠিকানা :

ঘ) টেলিফোন/মোবাইল নম্বর/ফ্যাক্স/ই-মেইল :

ঙ) লাইসেন্সির স্বাক্ষর :

এই লাইসেন্সটি হস্তান্তরযোগ্য নয় এবং এই বিধিমালায় বর্ণিত কোনো কারণে বাতিল, সাময়িকভাবে স্থগিত বা নবায়ন করা না হইলে ইস্যুর তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসরের জন্য বলবৎ থাকিবে।

তারিখ:

পূর্ণ ঠিকানা: (লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল)

লাইসেন্স নবায়ন—

..................................হইতে........................পর্যন্ত

কর্তৃপক্ষের স্বাক্ষর

**ফরম-ঘ**

**কাস্টমস দলিলপত্র, ইত্যাদিতে স্বাক্ষর প্রদানের ক্ষমতাপত্র**

[বিধি ১৭(১) দ্রষ্টব্য]

প্রেরক,

জনাব/মেসার্স——————————————————

প্রাপক,

সভাপতি

লাইসেন্সিং কর্তৃপক্ষ,

——————————————।

মহোদয়,

আমি/আমরা——————————(এনআইডি নম্বর:——————), ঠিকানা:—————————— যথাবিহিত সম্মানপূর্বক অবহিত করিতেছি যে, নিম্নবর্ণিত প্রতিনিধি, বা—————————— শিপিং এজেন্ট সহকারীকে কাস্টম হাউস/কাস্টমস স্টেশন সংশ্লিষ্ট ব্যবসায় দাখিলকৃত যাবতীয় দলিলাদিতে স্বাক্ষরের ক্ষমতা অর্পণ করিলাম।

সংরক্ষণের জন্য ক্ষমতাপ্রাপ্ত সকলের চারটি নমুনা স্বাক্ষর এতদসঙ্গে সংযুক্ত করা হইল।

আমি/আমরা এই মর্মে স্বীকৃতি প্রদান করিতেছি যে, উপরে বর্ণিত বিষয় সংশ্লিষ্ট কার্য সম্পাদনের ক্ষেত্রে এই স্বাক্ষরগুলি এই প্রতিষ্ঠানের এবং উপরে বর্ণিত বিষয়ে সংশ্লিষ্ট কার্য সম্পাদনে কোনো দায় দায়িত্বের উদ্ভব হইলে তাহা আমরা এইরূপে গ্রহণ করিব যেন এই স্বাক্ষরগুলি আমি/আমাদের শিপিং এজেন্ট কর্তৃক সম্পাদিত।

১। জনাব——————————————স্বাক্ষর——————————————

২। জনাব——————————————স্বাক্ষর——————————————

৩। জনাব——————————————স্বাক্ষর——————————————

৪। জনাব——————————————স্বাক্ষর——————————————

৫। জনাব——————————————স্বাক্ষর——————————————

তারিখ:

আপনার বিশ্বস্ত,

(আবেদনকারীর স্বাক্ষর ও দাপ্তরিক সিল)

সংযুক্তি: (বিধি ১৭(২) এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা প্রদান করিতে হইবে)

**ফরম-ঙ**

**শিপিং এজেন্ট সহকারী পারমিট প্রাপ্তির আবেদন**

[বিধি ২১(২) দ্রষ্টব্য]

| পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি |
|---|

বরাবর,

সভাপতি

লাইসেন্সিং কর্তৃপক্ষ,

———————————————।

মহোদয়,

আমি/আমরা ———————————————————————————————

———————শিপিং এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৫ এর আওতায় শিপিং এজেন্ট হিসাবে ব্যবসা পরিচালনার নিমিত্ত শিপিং এজেন্ট সহকারী পারমিটের জন্য আবেদন করিতেছি।

বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল, যথা:—

১। কোম্পানী/প্রতিষ্ঠানের নাম:

২। কোম্পানী/প্রতিষ্ঠানের ঠিকানা:

৩। ব্যবসার ধরন (একক মালিকানাধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারিত্বমূলক, লিমিটেড কোম্পানী, ইত্যাদি):

৪। লাইসেন্স গ্রহণকারী কর্তৃক দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম ও এনআইডি নম্বর:

৫। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|
| | | | |

৬। লাইসেন্স প্রাপ্তির আবেদন প্রত্যাখ্যান করা হইয়া থাকিলে তাহার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করিতে হইবে:

আমি/ আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা শিপিং এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৫ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, শিপিং এজেন্ট সহকারী পারমিট প্রাপ্তির পর আমি/আমরা এই বিধিমালার বিধানাবলিসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলি মান্য করিব।

তারিখ :

আপনার বিশ্বস্ত,

(আবেদনকারীর স্বাক্ষর ও দাপ্তরিক সিল)

সংযুক্তি: (বিধি ২১ (২) এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা প্রদান করিতে হইবে)

নোট: আবেদনপত্রে কোনো প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।

**ফরম-চ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

................কাস্টম হাউস/কমিশনারেট

**শিপিং এজেন্ট সহকারী পারমিট**

[বিধি ২১ (৩) দ্রষ্টব্য]

| পাসপোর্ট সাইজের ছবি ১ (এক) কপি |
|---|

কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৪৩ এর আওতায়——— কাস্টম হাউস/কাস্টমস স্টেশনে, প্রযোজ্য ক্ষেত্রে, শিপিং এজেন্ট হিসাবে ব্যবসা পরিচালনার জন্য শিপিং এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৫ এর বিধি ২১ (৩) মোতাবেক এই শিপিং এজেন্ট সহকারী পারমিট প্রদান করা হইল।

ক) শিপিং এজেন্ট সহকারী পারমিট নম্বর ও তারিখ :

খ) ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম

(এনআইডি/বিআইএন নম্বর) :

গ) ঠিকানা :

ঘ) টেলিফোন/মোবাইল নম্বর/ফ্যাক্স/ই-মেইল :

ঙ) আবেদনকারীর স্বাক্ষর :

এই শিপিং এজেন্ট সহকারী পারমিটটি হস্তান্তরযোগ্য নয় এবং ইহা এই বিধিমালায় বর্ণিত কোনো কারণে বাতিল, সাময়িকভাবে স্থগিত বা নবায়ন করা না হইলে ইস্যুর তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসরের জন্য বহাল থাকিবে।

২। এই শিপিং এজেন্ট সহকারী পারমিট———— কাস্টম হাউস/কাস্টমস স্টেশনের জন্য প্রযোজ্য হইবে।

তারিখ:

পূর্ণ ঠিকানা: (লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল)

শিপিং এজেন্ট সহকারী পারমিটটি ................হইতে.................পর্যন্ত বলবৎ থাকিবে।

কর্তৃপক্ষের স্বাক্ষর

(২.০০ টাকা মূল্যমানের কোর্ট ফি স্ট্যাম্প সংযুক্ত)

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd